

🖪 আল-জ্বিন | Al-Jinn | ٱلْجِنّ

আয়াতঃ ৭২: ২৬

আরবি মূল আয়াত:

علِمُ الغَيبِ فَلَا يُظهِرُ عَلَى غَيبِهِ آحَدًا ﴿٢۶﴾

🗚 অনুবাদসমূহ:

তিনি অদৃশ্যের জ্ঞানী, আর তিনি তাঁর অদৃশ্যের জ্ঞান কারো কাছে প্রকাশ করেন না। — আল-বায়ান একমাত্র তিনিই অদৃশ্যের জ্ঞানী, তিনি তাঁর অদৃশ্যের জ্ঞান কারো কাছে প্রকাশ করেন না। — তাইসিরুল তিনি অদৃশ্যের পরিজ্ঞাতা, তিনি তাঁর অদৃশ্যের জ্ঞান কারও নিকট প্রকাশ করেননা — মুজিবুর রহমান [He is] Knower of the unseen, and He does not disclose His [knowledge of the] unseen to anyone — Sahih International

- ২৬. তিনিই গায়েবী বিষয়ের জ্ঞানী, তিনি তাঁর গায়েবের জ্ঞান কারও কাছে প্রকাশ করেন না(১),
 - (১) এখানে আল্লাহ্ তা'আলা রাসূলকে আদেশ করেছেন যে, যেসব অবিশ্বাসী আপনাকে কেয়ামতের নির্দিষ্ট দিন তারিখ বলে দেয়ার জন্য পীড়াপীড়ি করে তাদেরকে বলে দিন, কেয়ামতের আগমন ও হিসাব নিকাশ নিশ্চিত; কিন্তু তার নির্দিষ্ট দিন তারিখ আল্লাহ্ তা'আলা কাউকে বলেন নি। তাই আমি জানি না কেয়ামতের দিন আসন্ন, না আমার রব এর জন্যে দীর্ঘ মেয়াদ নির্দিষ্ট করে দিবেন। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

(২৬) তিনি অদৃশ্যের পরিজ্ঞাতা, তিনি তাঁর অদৃশ্যের জ্ঞান কারো নিকট প্রকাশ করেন না।

_

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5473

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন